



মোংলা নৌঘাঁটিতে পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বাগেরহাটের মোংলায় নৌবাহিনীর ঘাঁটি বানোজা মোংলায় পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (২২ অক্টোবর) দুপুর ১২টা ৫৫ মিনিটে নৌপথে তিনি সেখানে পৌঁছান।

এর আগে সকাল ৯টায় তেজগাঁও বিমানবন্দর থেকে হেলিকপ্টারে সুন্দরবনের উদ্দেশে রওনা হন প্রধানমন্ত্রী। সকাল ১০টার দিকে হেলিকপ্টার থেকে হিরণ পয়েন্টসহ সুন্দরবনের বিভিন্ন এলাকা পর্যবেক্ষণ করেন তিনি। পরে খুলনার দাকোপ উপজেলার নলিয়ান মাধ্যমিক বিদ্যালয় মাঠে অবতরণ করে তাঁর হেলিকপ্টার। সেখান থেকে নৌপথে মোংলায় যান তিনি। সফরসূচি অনুযায়ী, দুপুরে সভায় অংশ নেওয়ার পর বিকেলে মোংলা বন্দরের জেটি ও প্রস্তাবিত বেজা অর্থনৈতিক অঞ্চল পরিদর্শন করবেন প্রধানমন্ত্রী। বিকেল ৪টায় হেলিকপ্টারে ঢাকার উদ্দেশে রওনা হয়ে বিকেল ৫টার দিকে রাজধানীতে পৌঁছানোর কথা রয়েছে তাঁর।

প্রধানমন্ত্রীর সফর ঘিরে স্থানীয় প্রশাসন নিরাপত্তাব্যবস্থা জোরদার করেছে। পরিদর্শনস্থলগুলোতে পিজিআর, নৌবাহিনী, কোস্টগার্ড, পুলিশ ও গোয়েন্দা সংস্থার সদস্যরা দায়িত্ব পালন করছেন। সফরটি রাজনৈতিক না হওয়ায় সেখানে দলীয় নেতাকর্মীদের উপস্থিতি সীমিত থাকবে বলে জানানো হয়েছে।